বাংলাদেশের সুবর্ণজয়ন্তী Bangladesh 50

# পল্লী সঞ্চয় ব্যাংক

## প্রধান কার্যালয়

মুজিব শতবর্ষ MUJIB 100

রেডক্রিসেন্ট বোরাক টাওয়ার (লেভেল-৮)
৩৭/৩/এ, ইস্কাটন গার্ডেন রোড, ঢাকা-১০০০।
www.pallisanchaybank.gov.bd

স্বাধীনতার মহান স্থপতি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ৪৬তম শাহাদৎ বার্ষিকীতে
'জাতীয় শোক দিবস ২০২১' পালন উপলক্ষ্যে প্রস্তুতিমূলক সভার কার্যবিবরণী:

সভাপতি : আকবর হোসেন (অতিরিক্ত সচিব)
ব্যবস্থাপনা পরিচালক, পল্লী সঞ্চয় ব্যাংক
তারিখ : ২৯ জুলাই, ২০২১
সময় : সকাল ১১.০০ ঘটিকা
স্থান : বোর্ড রুম, প্রধান কার্যালয়, পল্লী সঞ্চয় ব্যাংক।

উপস্থিত সদস্যদের তালিকা: পরিশিষ্ট-'১'

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন এবং জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান ও তাঁর পরিবারের নিহত সদস্যদের প্রতি গভীর শ্রদ্ধা জানিয়ে দিবসটির তাৎপর্য তুলে ধরে আলোচনা করেন। তিনি ২৮/০৭/২০২১ তারিখে আর্থিক প্রতিষ্ঠান বিভাগের সিনিয়র সচিব মহোদয়ের সভাপতিত্বে অনুষ্ঠিত এ সংক্রান্ত প্রস্তুতিমূলক সভার সিদ্ধান্ত সকলকে অবহিত করেন এবং সকলকে স্বাস্থ্য সেবা বিভাগ কর্তৃক জারীকৃত স্বাস্থ্যবিধি সংক্রান্ত নির্দেশনা/গাইডলাইন্স যথাযথভাবে অনুসরণপূর্বক এ বছরের জাতীয় শোক দিবসের শ্রদ্ধাজ্ঞাপন অনুষ্ঠান আয়োজনের অনুরোধ করেন। তিনি দেশব্যাপী কোভিড পরিস্থিতির কথা উল্লেখ করে শোকাবহ আগস্ট মাসব্যাপী অন্যান্য কর্মসূচির পাশাপাশি কোভিড আক্রান্ত সদস্যদের সহায়তা ও বৃক্ষরোপন কর্মসূচী গ্রহণের বিষয়ে গুরুত্বারোপ করেন। তিনি উপস্থিত অন্যান্য কর্মকর্তাদের মতামত ব্যক্ত করার অনুরোধ জানান।

২। সভায় 'জাতীয় শোক দিবস-২০২০' উপলক্ষ্যে ব্যাংক কর্তৃক গৃহীত কর্মসূচী এবং জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ৪৬তম শাহাদাৎ বার্ষিকী যথাযোগ্য মর্যাদায় পালনের লক্ষ্যে বিগত ২৮ জুলাই, ২০২১ তারিখে আর্থিক প্রতিষ্ঠান বিভাগে অনুষ্ঠিত সভার সিদ্ধান্ত নিয়ে সভায় আলোচনা করা হয়।

৩। সভায় 'জাতীয় শোক দিবস ২০২১' যথাযোগ্য মর্যাদায় পালনে পল্লী সঞ্চয় ব্যাংক কর্তৃক গৃহীত কর্মসূচীর বিস্তারিত বিবরণ উল্লেখ করা হয়। সামাজিক দূরত্ব নিশ্চিতপূর্বক স্বাস্থ্যবিধি অনুসরণ করে ৪৬ তম জাতীয় শোক দিবসের বিভিন্ন কর্মসূচী যেমন- জাতীয় পতাকা অর্ধনমিত রাখা, জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের প্রকিকৃতিতে পুষ্পস্তবক অর্পণ, কার্যালয়ে ব্যানার ও পোস্টার টানানো, কালোব্যাজ ধারণ, বৃক্ষরোপন, করোনা আক্রান্ত সদস্যদের আর্থিক সহায়তা, আলোচনা সভা, কোরআনখানি, দোয়া ও প্রার্থনার আয়োজন করা হবে মর্মে সভাকে অবহিত করা হয়।

৪। এ পর্যায়ে ব্যবস্থাপনা পরিচালক মহোদয় প্রতিটি কার্যালয়কে তাদের নিজ নিজ কর্মসূচীর পাশাপাশি মন্ত্রিপরিষদ বিভাগের নির্দেশনা মোতাবেক বিভাগ, জেলা এবং উপজেলা প্রশাসন কর্তৃক আয়োজিত সকল অনুষ্ঠানে অংশগ্রহণের জন্য মাঠ পর্যায়ের কার্যালয়সমূহকে প্রয়োজনীয় নির্দেশনা প্রদান করার বিষয়ে আলোকপাত করেন।

৫। সভায় বিস্তারিত আলোচনান্তে সর্বসম্মতিক্রমে নিম্নবর্ণিত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়:

(ক) ৪৫তম জাতীয় শোক দিবস উপলক্ষ্যে জাতীয় পর্যায়ে গৃহীত কর্মসূচীর সাথে সঙ্গতি রেখে প্রধান কার্যালয়, জেলা ও শাখা কার্যালয় তাদের নিজ নিজ কর্মসূচি প্রণয়ন ও বাস্তবায়ন করবে;

(খ) ১৫ আগস্ট ২০২১ তারিখ সকল কার্যালয়ে জাতীয় পতাকা অর্ধনমিত রাখতে হবে;

(গ) ১লা আগস্ট হতে মাসব্যাপী ব্যাংকের শাখাসমুহের নিজস্ব ভবনে ড্রপডাউন ব্যানার ব্যবহার করতে হবে। ব্যানারের নমুনা এফআইডি হতে পাওয়া গেলে তা শাখাসমুহকে প্রদান করা হবে। ব্যানারসমুহ যাতে সঠিকভাবে প্রদর্শিত হয় সে জন্য সতর্কতা অবলম্বন করতে হবে;

(ঘ) ১৫ আগস্ট, ২০২১ প্রধান কার্যালয়ের পক্ষ হতে ইস্কাটনস্থ প্রবাসী কল্যাণ ভবনের নীচ তলায় স্থাপিত জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের প্রতিকৃতিতে সকাল ১০.০০ ঘটিকায় পুষ্পস্তবক অর্পন করা হবে;

(ঙ) জেলা ও উপজেলা কার্যালয় দিবসটি যথাযোগ্য মর্যাদায় পালনে স্থানীয় প্রশাসন আয়োজিত কর্মসূচীর সাথে সমন্বয় করে কর্মসূচী গ্রহণ ও পালন করবে;

(চ) জাতীয় শোক দিবস উপলক্ষ্যে করোনা আক্রান্ত এবং আর্থিকভাবে ক্ষতিগ্রস্থ সদস্যদের আর্থিক সহায়তা প্রদান করা হবে। এ বিষয়ে মাঠ পর্যায় হতে সমিতির যে সকল সদস্য হাসপাতালে ভর্তি হয়ে চিকিৎসাধীন ছিলেন বা আছেন তাদের তথ্যাদি দ্রুত সংগ্রহ করতে হবে এবং মোট আর্থিক সহায়তা সংক্রান্ত তথ্যাদি এফআইডিকে অবহিত করতে হবে;

(ছ) ১৫ আগস্ট, ২০২১ সুবিধাজনক সময়ে সকল পরিচালকবৃন্দ এবং ব্যাংকের প্রধান কার্যালয়, জেলা ও উপজেলা কার্যালয়ের সকল কর্মকর্তা/কর্মচারীদের অংশগ্রহণে ভার্চুয়াল আলোচনা সভার আয়োজন করতে হবে;

(জ) ব্যাংকের ৫৬.৭৭ লক্ষ সদস্যদের প্রতি জনে ১টি ফলজ ও ১ টি বনজ গাছ, মোট ১.১৪ কোটি গাছ লাগানোয় উদ্বুদ্ধকরণ ও গাছ লাগানো নিশ্চিতকরণে মাঠ পর্যায়ের সকল কর্মচারীদের সম্পৃক্ত করতে হবে। ৩০ আগষ্টের মধ্যে অগ্রগতি প্রতিবেদন সংগ্রহ করতে হবে;

(ঝ) সদস্যদের করোনা মহামারীতে স্বাস্থ্যবিধি সম্পর্কে সচেতন করা, টিকা গ্রহণে সচেতনতা তৈরি করা এবং টিকা গ্রহণে সদস্যদের সহায়তা করার লক্ষ্যে মাঠ পর্যায়ের সকল কর্মচারীদের সম্পৃক্ত করতে হবে। মাঠ কর্মীগণ সদস্যদের বাড়িতে সামাজিক দুরত্ব বজায় রেখে মোবাইল ব্যবহার করে সদস্যদের টিকার নিবন্ধনে সহায়তা করবেন;

পরিশেষে সভাপতি স্বাধীনতার মহান স্থপতি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ৪৬তম শাহাদাৎ বার্ষিকীতে জাতীয় শোক দিবস ২০২১ উপলক্ষ্যে গৃহীত সকল কর্মসূচি যথাযথ মর্যাদার সাথে পালনের অনুরোধ করে উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

২৯.৭.২১

(আকবর হোসেন)
ব্যবস্থাপনা পরিচালক (অতিরিক্ত সচিব)
পল্লী সঞ্চয় ব্যাংক

নং পসব্য/প্রকা/প্রশা-১৯/২০২১-২২/ ৮০

তারিখঃ ২৯.০৭.২০২১খ্রি.

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলোঃ

১. সিনিয়র সচিব, আর্থিক প্রতিষ্ঠান বিভাগ, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২. স্টাফ অফিসার টু চেয়ারম্যান, পল্লী সঞ্চয় ব্যাংক।
৩. স্টাফ অফিসার টু মহাব্যবস্থাপক, পল্লী সঞ্চয় ব্যাংক।
৪. জেলা কার্যালয়ের দায়িত্ব প্রাপ্ত কর্মকর্তা, পল্লী সঞ্চয় ব্যাংক (সকল)।
৫. শাখা ব্যবস্থাপক, পল্লী সঞ্চয় ব্যাংক (সকল)।
৬. সকল কর্মকর্তা/কর্মচারী, পল্লী সঞ্চয় ব্যাংক।

২৯.৭.২১

(আকবর হোসেন)
ব্যবস্থাপনা পরিচালক (অতিরিক্ত সচিব)
পল্লী সঞ্চয় ব্যাংক